আলমডাঙ্গায় সাবেক স্ত্রীর সাথে দেখা করতে এসে চোর ভেবে গণধোলাই

পরকীয়া প্রেমিকা মামির সাথে বিয়ে করে দুই বছর সংসার শেষে ডিভোর্সের পর দেখা করতে এসে গণধোলাই শিকার পোলতাডাঙ্গার আলমঙ্গীর। গত বুধবার রাত ১১ টার দিকে বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর এ ঘটনাটি ঘটে। ঘটনাটি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে নিন্দার ঝড় ওঠে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাসকররা গ্রামের বজলু রহমানের মেয়ে চম্পা খাতুনের গত ৮ বছর পূর্বে বাড়াদি ইউনিয়নের পোলতাডাঙ্গা গ্রামে বিবাহ হয়। তাদের দাম্পত্য জিবনে দুটি কণ্যা সন্তান জন্ম নেয়।বিভিন্ন সময় তাদের সাংসারিক গোলোযোগ সৃষ্টি হয়।

এ সুযোগে পোলতাডাঙ্গা গ্রামের আমিনুল ইসলামের ছেলে আলমঙ্গীর মোবাইল ফোনে পরকীয়া সম্পর্ক গড়ে তোলে।

ভালোবাসার টানে স্বামীর সংসার দু মেয়ে রেখে পোলতাডাঙ্গা গ্রামের আলমঙ্গীরের হাত ধরে অজানা উদ্দেশ্যে পাড়ি জমায়। বিয়ে করে ঢাকায় ২ বছর সংসার করে। গত দুই মাস পূর্বে আলমঙ্গীর ও তার পরকীয়া স্ত্রী চম্পা খাতুন নিজ গ্রামে ফিরে আসে।

পারিবারিক ভাবে ডিভোর্স দেয় দুই পক্ষ। ডিভোর্সের পর প্রেমিক আলমঙ্গীরকে ভুলে পূর্বের স্বামীর নিকট ফিরতে চায় চম্পা। পূণরায় পথের কাটা হয়ে দাড়ায় আলমঙ্গীর। আবারো চম্পাকে বিয়ে করবে বলে চম্পার প্রথম স্বামীকে মোবাইলে জানায়। এছাড়াও তাকে বিভিন্ন ধরণের হুমকি -ধামকি প্রদান করে।

এ সূত্র ধরে গত বুধবার রাত ১১ টার দিকে মোবাইলে যোগাযোগ করে চম্পার সাথে দেখা করতে আসে। স্থানীয়রা টের পেয়ে চোর ভেবে তাকে দাঁড়াতে বললে সে দৌড়ে পালাই। লোকজন ধাওয়া করে তাকে আটকে গণধোলাই দেয়। পরবর্তীতে সে চম্পার সাথে দেখা করতে এসেছে বলে স্থানীয়দের জানায়।

বৃহস্পতিবার সকালে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলম সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে উপস্থিত হয়ে কারো অভিযোগ না থাকায় স্ব স্ব পরিবারের

লিখিত মাধ্যমে আলমঙ্গীরকে পরিবারের নিকট হস্তান্তর করে।

দামুড়হুদায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়ীতা নারীদের সংবর্ধনা

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অফিসের আয়োজনে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস ২০২১ উদযাপন উপলক্ষে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় জয়িতা বাংলার নারীদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষানুরাগী ও সাবেক অধ্যাপক এমএ গফুর, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে আরা ববি। আলোচনা শেষে ৫ জন নারীকে এবছরের সেরা জয়িতাদের সংবর্ধনা ও পুরষ্কৃত করা হয়।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২১ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠান শুরুর আগে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে এক র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলা মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষানুরাগী ও সাবেক অধ্যাপক এমএ গফুর, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

সভা শেষে বিভিন্ন স্কুল-কলেজ থেকে আগত ছেলে মেয়েরা সহ উপস্থিত সকলেই হাত উঠিয়ে জীবনে কখনো দূর্নীতি করবো না বলে ঘোষনা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মহিলা সংস্থার চেয়ারম্যান দীপ্তি রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান। অনুষ্ঠান পরিচালনা করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার খো: শরীফা আক্তার।

এসময় বক্তারা, অবহেলিত ও নির্যাতিত নারীদের পাশে দাড়িয়ে সমাজ উন্নয়নে অবদান রাখতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।
আলোচনা সভা শেষে অর্থনৈতিক, শিক্ষা ও চাকুরী, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যেমে জীবন শুরু করা হয় ১০ টি ক্যাটাগরিতে ১০ জন নারীকে জয়িতা সম্মাননা প্রদাণ করা হয়।

ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপন

‘আপনার অধিকার, আপনার দ্বায়িত্ব, দুর্নীতিকে না বলুন’ এ শ্লোগানে ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসন ও দুর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে বৃহস্পতিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন শেষে বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়।

পরে সেখানে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে মানববন্ধন কর্মসূচী পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে বিভিন্ন সরকারি, বেসরকারি ও উন্নয়ন সংস্থার নেতৃবৃন্দ অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এস শাহীন, দুর্নীতি প্রতিরোধ কমিটি জেলা শাখার সভাপতি প্রফেসর আব্দুল মতিন, সহ-সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক এন এম শাহজালাল, সনাকের সহ-সভাপতি এম সাইফুল মাবুদ, রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশন (আরআরএফ)’র মাগুরা জোনের সহকারী পরিচালক রেজাউল হক, আঞ্চলিক ব্যবস্থাপক অজিত কুমার কুন্ডু সহ অন্যান্যরা।

এসময় বক্তারা বলেন, দুর্নীতি একটি জাতির অগ্রগতির পথে বাঁধা সৃষ্টি করে। এজন্য দেশ ও জাতির উন্নয়নে দুর্নীতি প্রতিরোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান তারা।

হরিণাকুণ্ডুতে রোকেয়া দিবস পালিত

শেখ হাসিনার বারতা,নারী-পুরুষ সমতা নারী নির্যাতন বন্ধ করি,কমলা রঙের বিশ্ব গড়ি”এই প্রতিপাদ্য সামনে নিয়ে হরিনাকুণ্ডু উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস উপলক্ষে মানববন্ধন র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১টায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা সভাপতিত্বে, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো জাহাঙ্গীর হোসাইন, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহমেদ,ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান,প্রেসক্লাব সভাপতি এম সাইফুজ্জামান তাজু,সাধারণ সম্পাদক এইচ মাহাবুব মিলুসহ সকল জয়িতার মায়েরা।

প্রধান বক্তা বলেন, নারী জাগরণে বেগম রোকেয়ার সাহসিকতা বন্ধ হয়েছিল যৌতুক, নারী নির্যাতন, বাল্যবিবাহ ও বহু বিবাহসহ নানা সামাজিক ব্যাধী। বর্তমান সরকার বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে নারীদের ক্ষমতায়ন বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে। নারী পুরুষ সবাই মিলে দেশকে এগিয়ে নিয়ে যেতে পারে।

ঊল্লেখ্য আলোচনা সভা শেষে সমাজে বিভিন্ন ভাবে অবদান রাখায় ৫ জন জয়িতাদের মাঝে সনদ ও সম্মাননা প্রদান করা হয়।

গাংনীতে অনুসন্ধানী সাংবাদিকতা বিষয়ক সেমিনার

রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চার বিকল্প নেই এবং অনুসন্ধানী সাংবাদিকতার বর্তমান বাস্তবতা ও করণীয় বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। দি হাঙ্গার প্রজেক্ট ও সুশাসনের জন্য নাগরিক (সুজন) এর আয়োজনে বৃহস্পতিবার মেহেরপুরের গাংনীতে এ সভার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সুজনের গাংনী উপজেলা সভাপতি আব্দুর রশীদের সভাপতিতে প্র্রধান অতিথী ছিলেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী। বিশেষ অতিথী ছিলেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন ও জেলা কণ্যা শিশু অ্যাডভোকেসী ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম।

অনুসন্ধানী সাংবাদিকতা বিষয়ক আলোচনায় প্রধান আলোচক ছিলেন, প্রথম আলো পত্রিকার স্টাফ রিপোর্টার তৌহিদী হাসান শিপলু। এসময় আরও বক্তব্য রাখেন ডিবিসি ও সমকালের কুষ্টিয়া প্রতিনিধি সাজ্জাদ রানা, সুজনের জেলা সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেন, ব্র্যাকের জেলা সমন্বয়ক ফজলুল হক, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলমসহ বিভিন্ন মিডিয়ায় কর্মরত সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গাঁজা ও ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মাদক বিরোধী অভিযানে ফেনসিডিল ও গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।গত বুধবার দিবাগত রাত্রে পৃথক

পৃথক অভিযানে মাদক সহ দুজনকে আটক করা হয়।
মুজিবনগর থানার ইনচার্জ (ওসি)আব্দুল হাশেম বলেন, বুধবার দিবাগত রাতে তারানগর কবরস্হান মোড়ে মাদক ব্যাবস্যায়ীরা মাদক বিক্রয়ের উদ্যশ্যে অবস্হান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে আমার নির্দেশে রাত ৯ টার দিকে এস আই ইকবাল, এসআই প্রসেনজিৎ, এসআই নাজমুল এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স তারানগর কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার হুদা পাড়া গ্রামের মৃত মেঘা কোয়েল এর ছেলে হক সাহেব (৩৫)কে ৩১ বোতল ফেনসিডিলসহ হাতেনাতে আটক করা হয়।
একইভাবে গোপন সংবাদের ভিত্তিতে তারানগর গ্রামে মাদক বিক্রিয় হচ্ছে, এমন খবরে এসআই সুভাষ, এসআই প্রসেনজিৎ, এএসআই নাজমুল এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স রাত সাড়ে বারোটার দিকে জয়পুর চৌরাস্তার মোড়ে অভিযান চালিয়ে মুজিবনগর থানার জয়পুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে লিটন (২৮)কে ৫০০ গ্রাম গাঁজাসহ হাতেনাতে আটক করা হয়।
আটককৃতদের পৃথক পৃথক মাদক মামলা দিয়ে বিজ্ঞ আদালতে প্রেরণ এর প্রস্তুতি চলছে বলে জানান তিনি।

মুজিবনগরে নানা আয়োজনে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২১ উদযাপন

নারী নির্যাতন বন্ধ করি কমলা রঙের বিশ্ব গড়ি” “শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপনে মানববন্ধন, আলোচনা সভা, জয়িতা’দের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
দিবসটি উপলক্ষে সকাল ১১ টায় মুজিবনগর উপজেলার সামনে প্রধান সড়কে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে নারী নির্যাতন প্রতিরোধে সমাজকে একতাবদ্ধ করতে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

পরে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা